জগন্নাথপুরে রেড ক্রিসেন্টের দু’দিন ব্যাপী ফ্রি মোবাইল মেডিকেল ক্যাম্প সম্পন্ন

জগন্নাথপুর প্রতিনিধি: বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি সুনামগঞ্জ ইউনিটের উদ্যোগে জগন্নাথপুর দুদিনব্যাপী ফ্রি মোবাইল মেডিকেল ক্যাম্প সম্পন্ন হয়েছে। গতকাল জগন্নাথপুর উপজেলার আশারকান্দি ইউনিয়নের জামালপুর খানবাড়ীতে দুদিনব্যাপী সকাল থেকে বিকেল পর্যন্ত ফ্রি মোবাইল মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পে রোগীদের ফ্রি ব্যবস্থাপত্রের পাশাপাশি ফ্রি ঔষুধ প্রদান করা হয়।

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি সুনামগঞ্জ জেলা শাখার আজীবন সদস্য বিশিষ্ট সমাজসেবী হাজী সোহেল আহমদ খান টুনু’র সভাপতিত্বে তরুন সমাজসেবক বাবুল খান মুন্নার পরিচালনায় উদ্ধোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিশিষ্ট সমাজসেবী আবুল কয়েছ ইসরাইল। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট মুরব্বি দরাজুল ইসলাম খান, তৌরিছ মিয়া মাস্টার, আবুল লেইছ, লায়েক মিয়া, আনহার মিয়া, জগন্নাথপুর উপজেলা মানবাধিকার কমিশনের সভাপতি কবির আহমদ হিরা, সমাজসেবী মুহিবুল ইসলাম খান দলা, ছদরুল ইসলাম, ওয়েছ কবির উজ্জল, শাহ জাহান আহমদ রাজু, জগন্নাথপুর উপজেলা যুব রেড ক্রিসেন্ট সোসাইটির যুব প্রধান আমির আহমদ খান সাব্বির, উপ যুব প্রধান সাইফুর কামালী, বন্ধু বিভাগীয় প্রধান সাহেল আহমদ জয় প্রমূখ।

দুইদিন ব্যাপী অনুষ্ঠিত ফ্রি মোবাইল মেডিকেল ক্যাম্পে আগত রোগীদের মাঝে চিকিৎসা সেবা প্রদান করেন শেখ ফজিলাতুন্নেসা মুজিব কেপিজে বিশষায়িত হাসপাতালের মেডিকেল অফিসার ডাঃ মোঃ সাঈদ জাহাঙ্গীর তনু ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মিডওয়াইফ ডাঃ মোছাঃ পরিবানু, সুনামগঞ্জ রেডক্রিসেন্ট ইউনিট-২ এর যুব প্রধান সোয়েব আবেদীন, সুনামগঞ্জ রেডক্রিসেন্ট ইউনিটের যুব সদস্য নাজমুল হক আকাশের নেতৃত্বাধীন মেডিকেল টীম। উক্ত ক্যাম্পে প্রায় পাচঁ শতাধিক রোগীদের মধ্যে ব্যবস্থাপত্র ও ঔষুধ বিতরণ করা হয়।

উক্ত ফ্রি মোবাইল মেডিকেল ক্যাম্পের সমাপনী দিনে হাজী সোহেল আহমদ খান টুনুর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কবি ও গবেষক সাবেক চেয়ারম্যান দীনুল ইসলাম বাবুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সুনামগঞ্জ জেলা পরিষদের সদস্য সৈয়দ সাব্বির মিয়া, সমাজসেবী মোনাহিম খান সাদ, কবি ও লেখক কাউছার মিয়া, মুহিবুল ইসলাম খান, আব্দুল হক কামালী, কবি ও ছড়াকার সাদিকুর রহমান রুমেন, আসলাম খান, আখলু মিয়া, আরমান উদ্দিন। বক্তব্য রাখেন জগন্নাথপুর উপজেলা যুব রেড ক্রিসেন্ট সোসাইটির যুব প্রধান আমির আহমদ খান সাব্বির, জনসংযোগ ও পরিকল্পনা বিভাগীয় প্রধান এস এ সালাম, জনসংযোগ ও পরিকল্পনা বিভাগীয় উপ-প্রধান আসাদ মিয়া, সেবা ও স্বাস্থ্য বিভাগীয় প্রধান মিজান মিয়া, সেবা ও স্বাস্থ্য বিভাগীয় উপ-প্রধান মিসবা খান, প্রশিক্ষণ বিভাগীয় প্রধান রুবেল আহমদ, ক্রীড়া ও সংস্কৃতি উপ প্রধান শাকিল আহমদ।